MAR. 14 2001

ভোরের কাগজ

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

এসএসসি পরীক্ষা ২০০১

# যশোর বোর্ড থেকে অংশ নিচ্ছে ১ লাখ ২ হাজার ৪৭২ পরীক্ষার্থী

**যশোর প্রতিনিধি :** আগামী ১৫ মার্চ থেকে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষায় এবার যশোর শিক্ষা বোর্ড থেকে ১ লাখ ২ হাজার ৪৭২ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে। এর মধ্যে ৬০ হাজার ৭৬৭ জন ছাত্র এবং ৪১ হাজার ৪৭৫ জন ছাত্রী। মোট ৯৮টি কেন্দ্রে এ সমস্ত পরীক্ষার্থীরা অংশ নেবে। বরিশালে পৃথক শিক্ষা বোর্ড ঘোষিত হওয়ায় যশোর বোর্ডের পরিধি অনেক কমে গেছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, গত বছর যশোর শিক্ষা বোর্ডে মোট কেন্দ্র ছিল ১৫৭। খুলনা ও বরিশাল বিভাগের মোট ১৬টি জেলার ছাত্রছাত্রীরা যশোর বোর্ডের অধীনে পরীক্ষায় অংশ নিতো। কিন্তু এ বছর থেকে বরিশাল শিক্ষা বোর্ডের কার্যক্রম শুরু হওয়ায় কেন্দ্র সংখ্যা ৫০টি কমে গেছে।

এবার পুরাতন ৯৭টি কেন্দ্রসহ নতুন ঘোষিত মেহেরপুরের মুজিবনগর কেন্দ্রসহ মোট ৯৮টি কেন্দ্রে পরীক্ষা গ্রহণ করা হবে। এর মধ্যে যশোর জেলায় ১৪টি, খুলনায় ২১টি, বাগেরহাটে ১৩টি, সাতক্ষীরায় ৯টি, কুষ্টিয়ায় ১০টি, [illegible] ঝিনাইদহে ৮টি, মাগুরায় ৮টি ও নড়াইলে ৬টি কেন্দ্র রয়েছে। যশোর শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর আলী আসগর জানিয়েছেন, পরীক্ষা গ্রহণের যাবতীয় প্রস্তুতি সম্পন্ন হয়েছে। পরীক্ষায় নকল প্রতিরোধের জন্যও নেওয়া হয়েছে কঠোর পদক্ষেপ।